বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD
ISO 9001, ISO 14001 &
ISO 45001 Certified

জনসংযোগ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রশিক্ষণ একাডেমি ভবন (৩য় তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
টেলিফোন: ০২-৮৯০০৩১৭
ই-মেইল: prdreb@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০২১.৭২.১৭১.২২.২১৩৩

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ।
৩১ মে ২০২১ খ্রিস্টাব্দ।

**বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বাপবিবো এর অংশীজনদের সাথে শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক ২০২১-২০২২ অর্থবছরের ৪র্থ প্রান্তিকের ভার্চুয়াল সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাং সেলিম উদ্দিন, চেয়ারম্যান, বাপবিবো। |
| সভার তারিখ ও সময় | : | ২৬-০৫-২০২২ খ্রি., বিকাল ১২:০০ ঘটিকা। |
| স্থান | : | ভার্চুয়াল প্লাটফর্ম। |
| উপস্থিতি | : | বাপবিবো এর পরিচালক পদমর্যাদার ও তদূর্দ্ধ পর্যায়ের সকল কর্মকর্তাগণ, মাঠ পর্যায়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ, ৮০টি পবিস এর সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারগণ এবং বাপবিবো এর অংশীজন (লাইন/পূর্ত নির্মাণ ঠিকাদার, মালামাল সরবরাহকারী, পরিবহন ঠিকাদার, কনসালটেন্ট, ব্যাংক/বীমা/আর্থিক প্রতিষ্ঠান ও পবিস এর গ্রাহক প্রতিনিধি) স্ব স্ব অবস্থান থেকে Zoom এর মাধ্যমে সংযুক্ত। |

সভাপতি ভার্চুয়ালি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বাপবিবো'র শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও পরিচালক (জনসংযোগ) জনাব মোঃ আনোয়ার হোসেন গত সভার আলোচনাসমূহের অগ্রগতি উপস্থাপন করেন।

০২। সভায় জানানো হয় যে, বাপবিবো'র ন্যায় সেবামূলক প্রতিষ্ঠানে সুশাসন ও সেবা নিশ্চিত করার জন্য সকল কর্মকর্তা/কর্মচারী ও অংশীজনদের শুদ্ধাচার চর্চার গুরুত্ব অপরিসীম। জনাব মোঃ আনোয়ার হোসেন জানান যে, বাপবিবো'র শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১.৩ নং অনুচ্ছেদ মোতাবেক ২০২১-২০২২ অর্থবছরের প্রতি ত্রৈমাসিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ০১ (এক)টি সভা আয়োজনের বাধ্যবাধকতা থাকায় আলোচ্য ভার্চুয়াল সভার আয়োজন করা হয়েছে। উল্লেখ্য যে, এরূপ সভা আয়োজনের মাধ্যমে পারস্পরিক সমঝোতা বৃদ্ধি করে এবং সেবা প্রদানকারী ও গ্রহণকারীর মধ্যে মত পার্থক্য দূর করে বিধায় এটি উত্তম চর্চা হিসেবে বিবেচ্য।

০৩। অংশীজনদের মধ্যে লাইন নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স খান এন্টারপ্রাইজ এর প্রতিনিধি জনাব মোঃ আবদুল আউয়াল বাপবিবো'র শুদ্ধাচার চর্চায় এরূপ সভা আয়োজন করায় বাপবিবো'র চেয়ারম্যান মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জানান। একইসাথে ইতোপূর্বে পেশকৃত আবেদনসমূহ যেমনঃ এলডি কর্তনের বিষয়ে আরও সহনশীল হওয়া ইত্যাদি বাস্তবায়নের আশা ব্যক্ত করেন। এছাড়াও, মেসার্স খান প্রকৌশলী এর পক্ষে জনাব মোঃ ওয়াহিদুর রহমান লোটন বলেন, বাপবিবো শুদ্ধাচার বিষয়ক সভা আয়োজন করায় তাদের ইতোপূর্বের ভুলত্রুটিগুলো সমাধান হয়েছে। বাপবিবো'র কার্যক্রমের সাথে যুক্ত হতে পেরে তিনি সন্তোষ প্রকাশ করেন এবং ভেরিয়েশন বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।

০৪। মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠান ট্রেড ইস্ট ওয়েস্ট কর্পোরেশন এর ব্যবস্থাপনা পরিচালক জনাব ফারুক মাহমুদ বাপবিবো'র শুদ্ধাচার চর্চায় এরূপ সভা নিয়মিত আয়োজন করার জন্য অনুরোধ জানান। মালামাল সরবরাহকারী ঠিকাদারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে যাঁরা উত্তম সেবা দিয়ে থাকে তাঁদেরকে বেশি গুরুত্ব দেয়ার জন্য আহ্বান জানান। বাপবিবো-তে মানসম্পন্ন মালামাল সরবরাহ করায় কর্তৃপক্ষের সাথে সার্বক্ষণিক সুসম্পর্ক ইতোপূর্বে বজায় ছিল এবং ভবিষ্যতেও থাকবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। বাপবিবো থেকে প্রত্যাশার চেয়ে প্রাপ্তি বেশি হওয়ায় তিনি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

অ: পৃ: দ্র:

০৫। প্রকৌশল উপদেষ্টা প্রতিষ্ঠান লিমিটেড এর পক্ষে জনাব মোঃ মিজানুর রহমান আরইবি-তে শুদ্ধাচার বিষয়ক সভার আয়োজন হওয়ায় সন্তোষ প্রকাশ করেন এবং তা চলমান রাখার অনুরোধ জানান। তিনি বলেন, পূর্বে পবিসসমূহে রিটেইনার প্রকৌশলী নিয়োগ করা হতো যেখানে অনেক লোকের কর্মসংস্থানের সুযোগ ছিল। বর্তমানে শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হওয়ার প্রেক্ষিতে রিটেইনার প্রকৌশলীদের কার্যক্রম হ্রাস পেয়েছে। একই সাথে শতভাগ প্রকল্প ক্লোজ হওয়ায় প্রকৌশল উপদেষ্টা প্রতিষ্ঠানের পেন্ডিং বিলসমূহ দ্রুত পরিশোধের বিষয়ে অনুরোধ করেন।

০৬। বিলিং সফটওয়্যার রিটেইনার প্রতিষ্ঠানের প্রতিনিধিদের পক্ষে জনাব মোঃ নাজমুল আহসান প্রিন্স (হেড অব রেগুলেটরি এন্ড নিউ বিজনেস ডেভেলপমেন্ট, গ্রামীনফোন লিমিটেড) বলেন যে, সমগ্র বাংলাদেশের শতভাগ বিদ্যুতায়নে বাপবিবো'র ভূমিকা অনেক। কাজের স্বার্থে বাপবিবো'র অর্থ এবং আইসিটি পরিদপ্তরের সাথে তাদের নিয়মিত যোগাযোগ করতে হয়। উক্ত পরিদপ্তরসমূহ হতে তারা সার্বক্ষণিক সহায়তা পেয়ে থাকেন বিধায় তিনি সন্তোষ প্রকাশ করেন।

০৭। মাঠ পর্যায় হতে চট্টগ্রাম পবিস-২ এর আবাসিক গ্রাহক জনাব মোঃ জসিম উদ্দিন জানান যে, পল্লী বিদ্যুৎ অফিসের সাথে যে কোন সমস্যায় যোগাযোগ করা হলে তা তারা দ্রুত সমাধান করেন বিধায় তিনি সমিতিকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৮। সভাপতি বলেন যে, সুশাসন প্রতিষ্ঠা এবং দুর্নীতিমুক্ত উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে হলে সকলকে শুদ্ধাচার চর্চা করতে হবে। মানুষের নৈতিকতা হলো শুদ্ধাচার এর উত্তম উদাহরণ। কাজের মধ্যে নৈতিকতা বজায় রাখা, অংশীজনদের সাথে উত্তম আচরণ করা শুদ্ধাচার এর অংশ। শুদ্ধাচার বাস্তবায়ন স্বরূপ গ্রাহককে হয়রানি না করা, উত্তম গ্রাহক সেবা প্রদান করা, বৈদ্যুতিক মালামাল চুরি বন্ধে কঠোর ব্যবস্থা নেয়া ইত্যাদির বিষয়ে জোর তাগিদ দেন। এছাড়াও, সভায় বিভিন্ন অংশীজনেরা তাদের বক্তব্যে যেসব সমস্যার কথা তুলে ধরেছেন সেগুলো যাচাই-বাছাই করতঃ দ্রুত সমাধান করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।

০৯। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জয় বাংলা ॥

০৫/৬/২০২২

(মোহাং সেলিম উদ্দিন)
চেয়ারম্যান
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

**কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ), বাপবিবো।
০২। পরিচালক, (সংগ্রহ/হিসাব/এসইএন্ডডি/সিএসএন্ডএম/সম্পত্তি ও লজিস্টিক/ আর্থিক মনিটরিং (উ. অ./দ. অ.) পরিদপ্তর, বাপবিবো।
০৩। পরিচালক, পবিস ঋণ ও বাজেট পরিদপ্তর এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ বাস্তবায়ন কমিটি, বাপবিবো।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এনার্জি অডিট এন্ড ট্যারিফ)-এর কার্যালয়, বাপবিবো।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো **(ওয়েবসাইটে আপলোড করণের অনুরোধসহ)**।

{সংশ্লিষ্ট অংশীজনদের নিকট কার্যবিবরণী প্রেরণের অনুরোধসহ}

**জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। নির্বাহী পরিচালক/নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো।
০২। সকল দপ্তর/পরিদপ্তর/প্রকল্প অফিস/বিভাগ প্রধান, বাপবিবো।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো।
০৫। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন), বাপবিবো।